

প্রত্যয়ে অচল পাবলিক বিশ্ববিদ্যালয়

আমাদের সময় ডেস্ক

০২ জুলাই ২০২৪, ১২:০০ এএম



ঢাকা বিশ্ববিদ্যালয়ের কলা বিভাগের মূল ফটকের সামনে গতকাল পেনশন স্কিম 'প্রত্যয়' প্রত্যাহার দাবিতে শিক্ষকদের কর্মবিরতি ও অবস্থান ধর্মঘট - নজরুল মাসুদ

সর্বজনীন পেনশনের 'প্রত্যয়' স্কিমের প্রজ্ঞাপন প্রত্যাহার, বিশ্ববিদ্যালয় শিক্ষকদের সুপার গ্রেডে অন্তর্ভুক্তি ও শিক্ষকদের জন্য স্বতন্ত্র বেতন স্কেল চালুর দাবিতে ঢাকা বিশ্ববিদ্যালয়সহ দেশের সব পাবলিক বিশ্ববিদ্যালয়ে চলছে অনির্দিষ্টকালের সর্বাঙ্গিক কর্মবিরতি। বিশ্ববিদ্যালয়ের শিক্ষকদের পাশাপাশি কর্মবিরতি পালন করছেন কর্মকর্তা-কর্মচারীরাও। বন্ধ ছিল সব ধরনের ক্লাস ও পরীক্ষা কার্যক্রম। এতে কার্যত অচল হয়ে পড়েছে পাবলিক বিশ্ববিদ্যালয়গুলো। বাংলাদেশ বিশ্ববিদ্যালয় শিক্ষক সমিতি ফেডারেশন ও পাবলিক বিশ্ববিদ্যালয় শিক্ষক সমিতির আহ্বানে দেশব্যাপী এ কর্মসূচি পালন করা হচ্ছে। এদিকে প্রতিবাদ-কর্মসূচির মধ্যেই গতকাল থেকে কার্যকর হয় প্রত্যয় স্কিম। প্রতিনিধিদের পাঠানো খবর-

ঢাবি প্রতিবেদক জানান, গতকাল সকাল ১০টা থেকে ঢাবির কলা ভবনের মূল ফটকের ভেতরে অবস্থান নেন বিশ্ববিদ্যালয়ের শিক্ষকরা। এ সময় তারা ঢাকা বিশ্ববিদ্যালয় দিবসের সব কর্মসূচি থেকে বিরত থাকার ঘোষণা দেন। তবে শিক্ষক সমিতির অনেকেই টিএসসিতে প্রতিষ্ঠাবার্ষিকীর আয়োজনে অংশ নেন। প্রতিষ্ঠাবার্ষিকীর জন্য এই দিন স্বাভাবিক সময়েও ছুটি থাকে। ফলে শিক্ষকদের সর্বাঙ্গিক কর্মবিরতির প্রভাব লক্ষ্য করা যায়নি।

ঢাবি শিক্ষক সমিতির সভাপতি অধ্যাপক ড. মো. নিজামুল হক ভূইয়া বলেন, ঢাবির বিষয়ে এখনো সরকারের কোনো পর্যায় থেকে আশ্বাস পাইনি। পূর্বঘোষিত কর্মসূচি

হিসেবে আমরা আজ (সোমবার) থেকে সর্বাঙ্গিক কর্মবিরতি শুরু করেছি। সারাদেশের সব পাবলিক বিশ্ববিদ্যালয়ের শিক্ষকরা এতে একাত্মতা ঘোষণা করে কর্মবিরতি পালন করেছেন। আমাদের তিন দাবি আদায় না হওয়া পর্যন্ত এ সর্বাঙ্গিক কর্মবিরতি পালিত হবে।

প্রসঙ্গত, গত ১৩ মার্চ অর্থ মন্ত্রণালয় থেকে প্রত্যয় স্কিমের প্রজ্ঞাপন জারির পর থেকেই এটিকে বৈষম্যমূলক উল্লেখ করে এর বিরুদ্ধে সরব হয়ে ওঠে বাংলাদেশ বিশ্ববিদ্যালয় শিক্ষক সমিতি ফেডারেশন। প্রত্যয় স্কিম বাতিলের দাবিতে জুনের ভিন্ন ভিন্ন তারিখে চার দিন অর্ধদিবস কর্মবিরতির পাশাপাশি ৩০ জুন পূর্ণদিবস কর্মবিরতি এবং ১ জুলাই থেকে দাবি আদায় না হওয়া পর্যন্ত সর্বাঙ্গিক কর্মবিরতির ঘোষণা দেন তারা।

চট্টগ্রাম ব্যুরো জানায়, শিক্ষক সমিতি, অফিসার সমিতি ও কর্মচারী ইউনিয়নের ত্রিমুখী আন্দোলনে অচলাবস্থা বিরাজ করছে চট্টগ্রাম বিশ্ববিদ্যালয়ে। গতকাল থেকে বন্ধ রয়েছে ক্লাস, পরীক্ষাসহ সব দাপ্তরিক কাজ। একই দাবিতে সব অ্যাকাডেমিক কার্যক্রম বর্জন করেছেন চট্টগ্রাম প্রকৌশল ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ের শিক্ষকরা।

ঢাবি শিক্ষক সমিতির সাধারণ সম্পাদক অধ্যাপক এবিএম আবু নোমান বলেন, বিশ্ববিদ্যালয়ের আইনে শিক্ষকদের জন্য পেনশন স্কিম রয়েছে। বৈষম্যের কারণে মেধাবী শিক্ষার্থীরা শিক্ষক হিসেবে যোগদান না করলে আগামী প্রজন্ম মেধাবী হয়ে গড়ে উঠবে না। চুয়েট শিক্ষক সমিতির সভাপতি জিএম সাদিকুল ইসলাম বলেন, এখনো দাবি মেনে নেওয়া হয়নি, তাই আন্দোলন চলবে।

খুবি প্রতিনিধি জানান, গতকাল থেকে খুলনা বিশ্ববিদ্যালয়ে শিক্ষকদের সর্বাঙ্গিক কর্মবিরতি শুরু হয়েছে। কর্মবিরতি চলাকালে দুপুর ১২টা থেকে ১টা পর্যন্ত শিক্ষকরা অবস্থান কর্মসূচি পালন করেন। শিক্ষক সমিতির সভাপতি প্রফেসর ড. এসএম ফিরোজ ও সাধারণ সম্পাদক মোহাম্মদ রকিবুল হাসান সিদ্দিকী জানান, সর্বাঙ্গিক কর্মবিরতিতে সব ক্লাস-পরীক্ষা বন্ধ ছিল। এ ছাড়া খুবি অফিসার্স কল্যাণ পরিষদের উদ্যোগে সকাল ৯টা থেকে দুপুর ১টা পর্যন্ত কর্মবিরতি পালন করা হয়।

ইসলামী বিশ্ববিদ্যালয় প্রতিনিধি জানান, শিক্ষক-কর্মকর্তাদের সর্বাঙ্গিক কর্মবিরতিতে অচল হয়ে পড়ে কুষ্টিয়ার ইসলামী বিশ্ববিদ্যালয়। দুটি সংগঠনের নেতাকর্মীরা জানান, দাবি আদায় না হওয়া পর্যন্ত আন্দোলন চলবে। গতকাল প্রশাসনিক ভবনে সকাল ১০টা থেকে বেলা সাড়ে ১১টা পর্যন্ত অবস্থান কর্মসূচি পালন করেন কর্মকর্তারা। পরে দুপুর ১২টা থেকে ২টা পর্যন্ত অনুষদ ভবনের নিচে অবস্থান কর্মসূচি পালন করেন শিক্ষকরা। এ সময় বিশ্ববিদ্যালয়ের সব ক্লাস-পরীক্ষা, অফিসগুলো বন্ধ থাকে।

নিজস্ব প্রতিবেদক, ময়মনসিংহ জানান, গতকাল দুপুরে বাংলাদেশ কৃষি বিশ্ববিদ্যালয় শিক্ষক সমিতির সভাপতি প্রফেসর ড. রফিকুল ইসলাম সরদারের সভাপতিত্বে শিক্ষক কমপ্লেক্সে সর্বাঙ্গিক কর্মবিরতি পালন করেছেন শিক্ষকরা। নেতৃত্ব দাবি আদায় না হওয়া পর্যন্ত কর্মবিরতি পালনের কথা জানান।

জবি প্রতিনিধি জানান, গতকাল জগন্নাথ বিশ্ববিদ্যালয় শিক্ষক সমিতির নেতৃত্বে কর্মবিরতি পালন করেন শিক্ষকরা। দুপুর ১২টা থেকে ১টা পর্যন্ত অবস্থান কর্মসূচিও পালন করেন তারা। শিক্ষক সমিতির সাধারণ সম্পাদক ড. শেখ মাশরিক হাসান বলেন, দাবি পূরণ না হওয়া পর্যন্ত আন্দোলন চলবে। আন্দোলনের ফলে শিক্ষার্থীদের অ্যাকাডেমিক কোনো ক্ষতি হলে পরবর্তীতে রুটিন সমন্বয় করে সেটি পুষিয়ে দেব। এ ছাড়া বিশ্ববিদ্যালয়ের নতুন অ্যাকাডেমিক ভবনের সামনে সকাল ১০টা থেকে দুপুর ১টা পর্যন্ত কর্মবিরতি ও অবস্থান কর্মসূচি পালন করেন বিশ্ববিদ্যালয়ের কর্মকর্তা-কর্মচারীরা।

রাঙামাটি প্রতিনিধি জানান, রাঙামাটি বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয় কর্মকর্তা-কর্মচারীরা গতকাল থেকে সর্বাঙ্গিক কর্মবিরতি পালন করছেন। কেন্দ্র থেকে কোনো সিদ্ধান্ত না আসা পর্যন্ত এ কর্মবিরতি চলবে বলে এক সংবাদ বিজ্ঞপ্তিতে জানিয়েছেন রাবিপ্রবি শিক্ষক সমিতির সভাপতি গৌরব চাকমা ও সাধারণ সম্পাদক মোসাম্মৎ হাবিবা।

হবিগঞ্জ প্রতিনিধি জানান, হবিগঞ্জ কৃষি বিশ্ববিদ্যালয়ে গতকাল থেকে বিশ্ববিদ্যালয়ে কর্মবিরতি পালন করেন শিক্ষকরা। দুপুর ১২টায় বিশ্ববিদ্যালয় ক্যাম্পাসে অবস্থান কর্মসূচি পালন করেন শিক্ষকরা। দাবি আদায় না হওয়া পর্যন্ত এ কর্মবিরতি চলবে বলে জানান তারা।